গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গংগাচড়া, রংপুর

১৪৩১ বাংলা সনের সকল হাট-বাজার ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

দরপত্র বিজ্ঞপ্তি নং-০১/২০২৪

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, প্রশাসন-২ শাখার ২১/০৯/২০১১ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০.০০২.২০১১.৮৭০ নং স্মারকে বর্ণিত নীতিমালার আলোকে গংগাচড়া উপজেলাধীন নিম্নবর্ণিত হাট-বাজারসমূহ আগামী ১৪৩১ বাংলা সনের ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসরের জন্য অস্থায়ীভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত আরোপিত শর্ত সাপেক্ষে ইচ্ছুক দরপত্র দাতাগণের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে। নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ১) জেলা প্রশাসক, রংপুর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ২) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গংগাচড়া, রংপুর, ৩) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, গংগাচড়া, রংপুর ৪) অফিসার ইনচার্জ, গংগাচড়া মডেল থানা, গংগাচড়া, রংপুর এবং ৫) সোনালী ব্যাংক লি: গংগাচড়া শাখা, গংগাচড়া, রংপুর হতে উল্লিখিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) হাট-বাজার ইজারা দরপত্র সিডিউল সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের দিন বেলা ১.০০ টা পর্যন্ত ১) জেলা প্রশাসক, রংপুর কার্যালয়ের স্থানীয় সরকার শাখা, ২) পুলিশ সুপারের কার্যালয়, রংপুর ৩) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গংগাচড়া, রংপুর এবং ৪) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, গংগাচড়া, রংপুরে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। ঐ দিন বেলা ২.৩০ টার সময় দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে। সরকারি ইজারামূল্যের নিম্নে কোন দর কিংবা নীতিমালা মোতাবেক কাঙ্খিত দর পাওয়া না গেলে তফশীলে বর্ণিত তারিখসমূহে পর্যায়ক্রমে উল্লিখিত স্থান ও সময়সূচী অনুযায়ী দরপত্র কার্যক্রম অব্যাহত থাকবে। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

ক্র:নং	হাট-বাজারের নাম	বাংলা ১৪৩১ সনের সরকারি মূল্য	সিডিউল মূল্য (অফেরতযোগ্য)	১৪৩১ বাংলা সনের দরপত্র দাখিলের তারিখ (১ম বার)	১৪৩১ বাংলা সনের দরপত্র দাখিলের তারিখ (২য় বার)	১৪৩১ বাংলা সনের দরপত্র দাখিলের তারিখ (৩য় বার)
১	বেতগাড়ী হাট	৩,৮৭,৮৮,৪৭৪/-	৭৮,২০০/-	১৫/০২/২০২৪ ০২ ফাল্গুন ১৪৩০	০৭/০৩/২০২৪ ২৩ ফাল্গুন ১৪৩০	২৮/০৩/২০২৪ ১৪ চৈত্র ১৪৩০
২	আলদাদপুর হাট	৩১,৭২৯/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৩	গোডাউনের হাট	১,১৪,৩৬২/-	১,০০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৪	মন্থনার হাট	৯,৬০,৯২৫/-	২,৬০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৫	মালিফের বাজার হাট	৩,৪৬৬/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৬	গংগাচড়া হাট	৭,৬৯,৯৭২/-	২,২০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৭	মহিপুর হাট	৮৯,৪০০/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৮	কাশিয়াবাড়ী হাট	৫,৩১,০৬০/-	১,৮০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
৯	গজঘন্টা হাট	৫,৯৪,৩৯৩/-	১,৮০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১০	রাজবল্লভ হাট	১০,৭৭৭/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১১	ভাঙ্গাগড়া হাট	১৯,৯৬৪/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১২	তুলশী বৈরাগীর হাট	১,১৩,৩৮৫/-	১,০০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১৩	বকশীগঞ্জ হাট	৯৩,৩১৫/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১৪	সয়রাবড়ী হাট	৪,০০,৫৩৯/-	১,৬০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১৫	বড়াইবাড়ী হাট	৩,২৪,৪১৯/-	১,৪০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১৬	কুতুবপীরের হাট	২,২৩৬/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-
১৭	কচুয়া হাট	৯৩,০৮০/-	৫০০/-	-ঐ-	-ঐ-	-ঐ-

১৪৩১ বাংলা সনের হাট-বাজার ইজারার শর্তাবলী

১. বাংলা ১৪৩১ সনের ০১ বৈশাখ হতে ১৪৩১ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।

২. দরপত্র দাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গংগাচড়া, রংপুর এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিস্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সংগে পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্ব্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র (সিডিউল) বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদারকে নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করতে হবে।

৮. প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যক্রম পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১০. ইজারাদার সমুদয় অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদারকে নিজ খরচে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১৩. ইজারাদারকে নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে।

১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৬. হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৭. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৮.০২.২০২৪

(নাহিদ তামান্না)
উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর
e-mail:unogangachara@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গংগাচড়া, রংপুর
www.gangachara.rangpur.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৮৫২৭.০০০.০৬.০২৬.২৪. ৫৯ (২৫০) তারিখঃ ১৬/০১/২০২৪ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। মাননীয় সংসদ সদস্য, ১৯ রংপুর-১।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, রংপুর।
০৫। পুলিশ সুপার, রংপুর।
০৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।
০৭। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রংপুর।
০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর।
০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গংগাচড়া/রংপুর সদর/পীরগাছা/মিঠাপুকুর/পীরগঞ্জ/কাউনিয়া/তারাগঞ্জ/বদরগঞ্জ, রংপুর।
১০। উপজেলা নির্বাহী অফিসার, রংপুর সদর/পীরগাছা/মিঠাপুকুর/পীরগঞ্জ/কাউনিয়া/তারাগঞ্জ/বদরগঞ্জ, রংপুর।
১১। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গংগাচড়া, রংপুর।
১২। সহকারী কমিশনার (ভূমি), গংগাচড়া, রংপুর।
১৩।। উপজেলা ----------------------------------অফিসার (সকল), গংগাচড়া, রংপুর।
১৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, গংগাচড়া, রংপুর। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি জেলা ও উপজেলা প্রশাসনের ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
১৫। পোস্ট মাস্টার, গংগাচড়া, রংপুর।
১৬। ব্যবস্থাপক,...ব্যাংক লিঃ, গংগাচড়া শাখা।
১৭। সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব, গংগাচড়া, রংপুর।
১৮। চেয়ারম্যান, ...ইউপি (সকল), গংগাচড়া, রংপুর। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি তাঁর অধিক্ষেত্রে প্রতিটি হাট-বাজারে বহুল প্রচারের ব্যবস্থাসহ ইউনিয়ন পরিষদের ওয়েবসাইটে প্রদর্শনের জন্য অনুরোধ জানানো হলো।
১৯। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,...................................ইউনিয়ন ভূমি অফিস (সকল), গংগাচড়া, রংপুর। তাঁকে দরপত্র বিজ্ঞপ্তিটি তার অধিক্ষেত্রের সকল হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারান্তে জারীর প্রতিবেদন নির্ধারিত তারিখের পূর্বেই এ অফিসে বিনা ব্যর্থতায় দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।
২০। ইজারাদার,...হাট-বাজার (সকল), গংগাচড়া, রংপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি তাঁর হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হলো।
২১। বিজ্ঞাপন ম্যানেজার, ...। তাঁকে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তিটি ১১ ফন্টে সিঙ্গেল স্পেসে (চার কলাম-১৬") তাঁর পত্রিকায় ০১ (এক) দিনের জন্য প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।
২২। জনাব ....
....।
২৩। নোটিশ বোর্ড।

১৬.০১.২০২৪
(নাহিদ তামান্না)
উপজেলা নির্বাহী অফিসার
গংগাচড়া, রংপুর
e-mail:unogangachara@mopa.gov.bd